মেহেরপুরে ফ্রেন্ডস ফাউন্ডেশনের ত্রি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের ১৯৭৫ ও ১৯৭৬ ব্যাচের এসএসসি পরীক্ষার্থীদের নিয়ে গঠিত সংগঠন ফ্রেন্ডস ফাউন্ডেশনের ত্রি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে ফ্রেন্ডস ফাউন্ডেশন কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকৌশলী মোঃ শহিদুল্লাহকে সভাপতি এবং প্রফেসর হাসানুজ্জামান মালেককে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করে ১৭ সদস্য বিশিষ্ট তিন বছর মেয়াদী কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয়।

নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ সংস্হার গঠনতন্ত্রের আদর্শ ও লক্ষ্য সমন্নুত রেখে একটি অরাজনৈতিক ও অলাভজনক এবং স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে এলাকার আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে সকলের সহযোগিতা ও দোয়া কামনা করে।

উল্লেখ্য, ২০০৭ সালে প্রতিষ্ঠিত ফ্রেন্ডস ফাউন্ডেশন দীর্ঘদিন ধরে শিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলার উন্নয়নের পাশাপাশি আর্থসামাজিক উন্নয়নের জন্য সমাজকল্যাণমূলক কাজ করে আসছে। মেহেরপুরে ফ্রেন্ডস ফাউন্ডেশ স্কুল এন্ড কলেজ, তিনটি চক্ষু শিবির, দুটি স্বাস্থ্যশিবির, আন্ত উপজেলা ফুটবল টুর্নামেন্ট, তাদের শিক্ষকদের সম্মাননা প্রদান, দরিদ্র কৃতি শিক্ষার্থীদের সহায়তা প্রদান, দরিদ্র অসহায় শীতার্ত মানুষের মধ্যে খাদ্য ও কম্বল বিতরণ, দেশবরেণ্যের লোক শিল্পী মরহুম ফরিদা পারভীনকে নিয়ে মেহেরপুর শামসুজ্জোহা পার্কে সাংস্কৃতিক উৎসব বাস্তবায়নসহ বিভিন্ন কর্মকান্ডের মধ্য দিয়ে সংগঠনটি জননন্দিত ও সুনাম অর্জন করেছে।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা

মুজিবনগরে গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের ২৮ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার ১১ এপ্রিল সকাল দশটায় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের লিমিটেড এর সাবেক ম্যানেজার মাহফুজ আলমের সঞ্চালনায়,

সাধারণ সভার প্রধান অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সমবায় এর ভারপ্রাপ্ত কর্মকর্তা এনামুল হক।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, গোপালনগর কো-অপারেটিভ ইউনিয়নের সহ-সভাপতি সাফায়েত হোসেন, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আবু নাঈম ডালিম, সদস্য ইনসান আলী ও আনিদুল ইসলাম সহ গোপালনগর অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর ৩৮১৭ জন সদস্যা ও সদস্যবিন্দু।

গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে গড়ে ওঠে। । এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৩৭৭০ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া

পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (২৩ মার্চ) সন্ধ্যায় মেহেরপুর সরকারী কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।
ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ।
কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এসময় বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা সাবেক শিক্ষক নুরুল আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমুখ উপস্থিত ছিলেন।
ইফতারের পূর্বে ফিলিস্তিনের জনগণসহ সমস্ত মুসলিম উম্মাহ, দেশবাসী ও বসুন্ধরা গ্রুপের জন্য দোয়া ও শান্তি কামনা করা হয় ।

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে চিত্রাঙ্কন, কবিতা ও গান প্রতিযোগিতা

মেহেরপুরে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে চিত্রাঙ্কন, কবিতা এবং গান প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (১৬ ডিসেম্বর) বিকেল ৩ টার সময় শহীদ শামসুদ্দোহা পার্কে বিজয় দিবসের মহান তাৎপর্য ও জাতির বীর শহীদদের প্রতি

শ্রদ্ধা জানাতে সংযোগ মেহেরপুরের আয়োজনে এই বিশেষ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়েছে।

এসময় সংযোগ ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাব্বির আহমেদ, সাধারণ সম্পাদক আশিক রাব্বি, স্বেচ্ছাসেবক ইশতিয়াক আহমেদ, পিয়াস, তানভীর প্রমুখ উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন ছহিউদ্দীন ডিগ্রী কলেজের প্রভাষক মো: আলীবুদ্দীন, অবঃ প্রধান শিক্ষক মোঃ আনছারুল হক এবং শফিকুল ইসলাম।

এই প্রতিযোগিতা শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের পাশাপাশি বিজয়ের চেতনাকে নতুন প্রজন্মের মাঝে তুলে ধরা হয়।

অনুষ্ঠানে জুনিয়র এবং সিনিয়র ক্যাটাগরিতে প্রতিযোগীরা অংশগ্রহণ করেন। প্রতিযোগিতা শেষে সকলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে হাসনাত ফাউন্ডেশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মহান বিজয় দিবস উপলক্ষে ঝিনাইদহে সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার(১৬ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে শহরের আদর্শপাড়া এলাকায় হাসনাত ফাউন্ডেশনের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা সেনা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক শমসের আলী, হাসনাত ফাউন্ডেশনের উপদেষ্টা রাফসান আলী, সহ-সভাপতি ইমরান হোসেন, মো. ইমন, কোষাধ্যক্ষ কামরুল ইসলাম জিসান।

এ সময় জেলা শহরের বিভিন্ন এলাকা থেকে আসা সহস্রাধিক সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

মুজিবনগরের গড়তে ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ গঠনের সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠার লক্ষ্যে যুব সমাজকে সম্প্রীতির পথে এগিয়ে নিতে দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ (MIPS) প্রকল্পের অধীনে ইয়ুথ পিস এম্বাসেডর গ্রুপ (ওয়াই.পি.এ.জি) গঠনের জন্য একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) সকালে মুজিবনগরের পর্যটন মোটেলের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরের পিস ফ্যাসিলিটেটর গ্রুপের সমন্বয়কারী মো: ওয়াজেদ আলী খানের সভাপতিত্বে এবং তারই সঞ্চালনায় এই সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের লক্ষ্য ও গঠনতন্ত্র নিয়ে আলোচনা করেন এমআইপিএস প্রকল্পের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ। স্বাগত বক্তব্য দেন সভার সভাপতি মো: ওয়াজেদ আলী খান, এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ফিল্ড কো-অর্ডিনেটর মো: আশরাফুজ্জামান।

সভায় পিস এম্বাসেডর হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. আবুল হাসান, শ্রমিক কল্যাণ ফেডারেশন প্রতিনিধি মো. খাইরুল বাশার, শিক্ষিকা ঝরনা খাতুন, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাংবাদিক মো হাসান

মোস্তাফিজুর রহমান।

এছাড়া ছাত্রদল ও অন্যান্য রাজনৈতিক দলের ছাত্র প্রতিনিধি এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ছাত্র-ছাত্রীরাও অংশগ্রহণ করেন। সকলের মতামতের ভিত্তিতে ছাত্রদলের যুগ্ন সম্পাদক মো রিয়াজ সেখকে ওয়াই.পি.এ.জি কো-অর্ডিনেটর এবং সহ-সমন্বয়কারী হিসেবে মুজিবনগর ব্লাড গ্রুপের ও পলাশি পাড়া সংগঠনের সভাপতি মোছা: মুক্তা খাতুনকে এবং নাদিম আনজুম বিন রেজাকে নির্বাচিত করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে ২০ সদস্যের ইয়ুথ পিস এম্বাসেডর গ্রুপ (ওয়াই.পি.এ.জি) কমিটি গঠন করা হয়। উপস্থিত সবাই শান্তি প্রতিষ্ঠা ও সহিংসতা প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করেন এবং শপথ গ্রহণ করেন। রাজনৈতিক, ধর্মীয় ও নৃগোষ্ঠীগত সহিংসতা নিরসনে ওয়াই.পি.এ.জি পিএফজির সাথে একযোগে কাজ করবে, মেহেরপুরের মুজিবনগর উপজেলার সকল জনগণকে সম্প্রীতির পথে এগিয়ে নেবে এই প্রতিজ্ঞায় সভা শেষ হয়।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় কারিতাসের উদ্যোগে হুইল চেয়ার বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ৫ জন প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সহ-সভাপতি করম আলী, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, সাজিবার রহমান, সিরাজুল ইসলাম মেম্বর, মনিরুজ্জামান মন্টু মেম্বর, মাহবুবুর রহমান, আ:সালাম,বিল্লাল হোসেন, দেলোয়ারা, আনেহার, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক

জুলফিকার আলী ভুট্টো, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা শাহাবুবুর রহমান, হিসাবরক্ষক মতিয়ার রহমান, উদ্যোক্তা হারুন, হীরা, ওমেদুল, কারিতাস এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

দামুড়হুদায় কারিতাসের উদ্যোগে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ২০২৪ পালিত হয়েছে।

অন্তর্ভূক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বির্নিমান বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগন এ স্লোগানকে সামনে রেখে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস -২০২৪ পালিত হয়।

দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠান শেষে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরন, ছাগল ও গাড়লভেড়া বিতরন, শিক্ষা উপকরন প্রদান করা হয়।

অনুষ্ঠানে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান।

প্রধান অতিথি বলেন, প্রতিবন্ধীরা সমাজের বোঝা নই। তারা আমাদের আপনজন। এ সমাজে তাদের সমান অধিকার। যে কোন প্রয়োজনে তাদের পাশে থাকার আশাবাদ ব্যাক্ত করেন তিনি।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই সাইদুর রহমান, এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠন

“হাসি মুখে রক্তদান, বাঁচতে পারে লক্ষ প্রাণ” এই স্লোগানকে সামনে রেখে গত ৫ বছর যাবত কয়েক হাজার রক্তের চাহিদা পুরণসহ প্রতিনিয়ত অত্র এলাকার অসুস্থ রোগীদের বিনা মূল্যে রক্তের প্রয়োজন মিটিয়ে থাকে প্রতিষ্ঠানটি।

আজ শনিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠনের জন্য কোটচাঁদপুর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয় কনফারেন্স হল রুমে এক সভার আয়োজন করা হয়।

১ বছর মেয়াদী নতুন কমিটির সভাপতি হোন শিক্ষক মোঃ মশিয়ার রহমান, সাধারণ সম্পাদক মোঃ আঃ আলিম ও অর্থ সম্পাদক হোন মোঃ মেহেদী হাসান। পরিচালনা পর্ষদ এর পরিচালক নির্বাচিত হোন সরকারী কেসি কলেজ ঝিনাইদহ এর অধ্যাপক মোঃ আলমগীর হোসাইন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক মো: ইছাহক আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক মো: মফিজুর রহমান (মফিজ), ব্যবসায়ী

মো: সোহরাব হোসেন, ব্যবসায়ী মো: রবিউল ইসলাম (খোকন), নিউ লাইফ হাসপাতালের পরিচালক ডা. মো: হাসানুজ্জামান (জনি), সাংবাদিক ও মানবাধিকার কর্মি মোঃ রেজাউল করিম, সাংবাদিক মোঃ আশরাফুজ্জামান, সাংবাদিক মোঃ রোকনুজ্জামান, সংগঠনের পরিচালনা পর্ষদ পরিচালক মো: আলমগীর হুসাইন, মো: ওমর ফারুক, মো: আব্দুল, আলিম, এছাড়াও উপস্থিত ছিলেন উক্ত সংগঠনের শুভাকাঙ্ক্ষী ও স্বেচ্ছাসেবকবৃন্দ।

ঝিনাইদহ জেলা প্রশাসকের কাছে আশা’র কম্বল হস্তান্তর

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শীতার্তদের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কাছে ৫০০ শত শীতবস্ত্র হস্তান্তর করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা আশা।

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কম্বল হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে কম্বল গ্রহণ করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, আশা’র সিনিয়র এডিশনাল ডিভিশনাল ম্যানেজার রফিকুল ইসলাম, জেলার সিনিয়র ডিস্ট্রিক্ট ম্যানেজার হাফিজুর রহমান, আরএম কাজী ফজলুল হকসহ অন্যান্যরা।

সেসময় আশা’র কর্মকর্তারা বলেন, বিশ্বের সর্ববৃহৎ আত্বনির্ভরশীল ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান আশার নিজস্ব অর্থায়নে প্রতি বছরের ন্যায় এবারও ৫’শতাধীক শীতবস্ত্র বিতরণ করেছে। আগামীতে এ কার্যক্রম অব্যাহত থাকবে।